তারিখ 29 OCT 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষায় বিতর্কিত প্রশ্নের ঘটনায় কমিটি

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ●

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের আই-ইউনিটের ভর্তি পরীক্ষায় বিতর্কিত প্রশ্নপত্রের ঘটনা তদন্তে চার সদস্যের কমিটি গঠন করা হয়েছে। গতকাল শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য আনন্দ কুমার সাহাকে প্রধান করে এ কমিটি গঠন করা হয়।

অধ্যাপক আনন্দ কুমার সাহা বলেন, উপাচার্য ১৫ দিনের মধ্যে অভিযোগ তদন্ত করে প্রতিবেদন জমা দিতে বলেছেন। আগামীকাল (আজ) রোববার থেকে তদন্ত শুরু হবে।

২৫ অক্টোবর অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের দুটি প্রশ্ন নিয়ে বিতর্ক ওঠে।